



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অতিরিক্ত পরিচালকের কার্যালয়  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
রাজামাটি অঞ্চল, রাজামাটি।

http://dae-ranreg.chittagongdiv.gov.bd  
adaerangamati@yahoo.com  
০২৩৩৩৩৭১৪৭১



স্মারক নং-

৩৪৮/২(২২)

তারিখ- ০৭/০৯/২০২৩


বিষয়ঃ স্ব স্ব দপ্তরের ওয়েব পোর্টাল ও কর্মকর্তাদের পিডিএস হালনাগাদ করণ প্রসঙ্গে।

সূত্রঃ গত ০৪ সেপ্টেম্বর/২০২৩খ্রি তারিখে ই- গভর্নেন্স কার্যক্রম জোরদারকরণ বিষয়ে অনুষ্ঠিত Zoom Platform মিটিং এর নির্দেশনার আলোকে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে আপনার অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, গত ০৪ সেপ্টেম্বর ২০২৩ খ্রিঃ তারিখে আইসিটি উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকার আয়োজনে পরিচালক, প্রশাসন ও অর্থ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার আলোকে দেখা যায় যে, অত্র অঞ্চলের আওতাধীন বিভিন্ন দপ্তরের ওয়েব পোর্টাল, কর্মকর্তাদের পিডিএস, কর্পোরেট মোবাইল সিম এবং কর্পোরেট ইমেইল আইডি নিয়মিত হালনাগাদ করা হচ্ছে না। এর ফলে বিভিন্ন প্রশাসনিক প্রয়োজন ও সেবা গ্রহিতাদের সেবা প্রাপ্যতার ক্ষেত্রে সমস্যার সৃষ্টি হচ্ছে বলে সভায় মতামত ব্যক্ত করা হয়।

এমতাবস্থায় আগামী ১৭ সেপ্টেম্বর ২০২৩খ্রিঃ তারিখের মধ্যে আপনার এবং আপনার আওতাধীন সকল দপ্তরের ওয়েব পোর্টাল, কর্পোরেট মোবাইল সিম, কর্পোরেট ইমেইল আইডি এবং কর্মকর্তাদের পিডিএস ফরম হালনাগাদকরতঃ পিডিএস এর হার্ড কপি নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণের জন্য বলা হলো।

বিষয়টি গুরুত্বপূর্ণ।

  
তপন কুমার পাল  
অতিরিক্ত পরিচালক  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
রাজামাটি অঞ্চল, রাজামাটি।

জ্ঞাতার্থে ও কার্যার্থে :-

- ১। অধ্যক্ষ, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজামাটি।
- ২। উপপরিচালক, অত্র কার্যালয়।
- ৩। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজামাটি/খাগড়াছড়ি/বান্দরবান পার্বত্য জেলা।
- ৪। উপপরিচালক, হার্টিকালচার সেন্টার, বনরুপা / বালাঘাটা / খেজুরবাগান /রামগড়, রাজামাটি/ খাগড়াছড়ি/ বান্দরবান পার্বত্য জেলা।
- ৫। সংস্থাপন শাখা, অত্র কার্যালয়।

সদয় জ্ঞাতার্থেঃ

- ১। পরিচালক, প্রশাসন ও অর্থ উইং / পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।